আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন

# উত্তরা ইউনিভার্সিটিতে বিএনডিপি ডিবেটার হান্ট ও নবীন বিতর্ক প্রতিযোগিতা

২৮ এপ্রিল, ২০২৪ ১৬:৩১

প্রেস বিজ্ঞপ্তি




'কোমল শব্দে, কঠিন যুক্তি' এই স্লোগানকে ধারণ করে 'বাংলাদেশ ন্যাশনাল ডিবেট প্ল্যাটফর্ম' আয়োজন করেছে 'বিএনডিপি ডিবেটার হান্ট ও নবীন বিতর্ক প্রতিযোগিতা-২০২৪'। এই আয়োজনে ভেন্যু পার্টনার হিসেবে ছিল উত্তরা ইউনিভার্সিটি ডিবেট ক্লাব।

শনিবার 'উত্তরা ইউনিভার্সিটি'র মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়েছে 'বিএনডিপি ডিবেটার হান্ট-২০২৪'। যেখানে সারাদেশের ৫০টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে প্রায় ৫০০ জন উদীয়মান বিতার্কিক অংশগ্রহণ করে।

এতে প্রধান অতিথি ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী এবং বিশেষ অতিথি ছিলেন স্বাধীনতা পুরস্কারপ্রাপ্ত ড. এম আমজাদ হোসেন, উত্তরা ইউনিভার্সিটির রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন ও পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী। এ ছাড়াও বিশেষ অতিথি ছিলেন জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেট অর্গানাইজেশনের সাবেক সভাপতি ও উত্তরা ইউনিভার্সিটি ডিবেট ক্লাবের অ্যাডভাইজার ফয়সাল মাহমুদ শান্ত।

উল্লেখ্য, বিএনডিপি ডিবেটার হান্ট শেষে এই আয়োজনে অংশগ্রহণকারীদের নিয়ে আগামী ৫ ও ৬ মে উত্তরা ইউনিভার্সিটি ক্যাম্পাসে আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে আয়োজিত হতে যাচ্ছে বিএনডিপি জাতীয় বিতর্ক প্রতিযোগিতা-২০২৪, যেখানে সারাদেশে থেকে ৪৮টি বিতর্ক দল অংশগ্রহণ করতে যাচ্ছে।

বিডি প্রতিদিন/এমআই